Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: গভীর গোধুলিতে

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Sun, Mar 16, 2025 at 7:08 AM
To: ucaliptas909@gmail.com

গভীর গোধুলিতে
তাফিফ বিন জামিল

গভীর গোধূলিতে দিগন্তপ্রান্ত রাঙা হলে কামরাঙা রঙে—
মরা দূর্বা ঘাসে পা রাখলে চুপচাপ মনে জাগে স্মৃতি;
বটের পাতা ম্লান হলুদ হলে রোদ ছুঁয়ে যায় ঝিঙে—
ঝুলে থাকা মাঁচায়; কুয়াশা মাড়িয়ে মনে নিয়ে ভীতি;
কে যেনো কাক ডাকা ভোরে চুপচাপ হেটে যায়।

নির্জন রাতে—অবসন্ন দেহ এলিয়ে ঘুমিয়ে পড়ে
মাঠের শত–সহস্র কৃষক–শ্রমিক, ক্লান্ত পথের পথিক;
শিমুলের ডালে, কোকিল ডেকে যায় অলস দুপুরে—
ছোট ছোট কঁচুরীপানায় ঘাঁট ছেয়ে গেছে চারিদিক,
দিক হারানো পাখির মতো নীল আকাশে মন উড়ে যায়।

রচনাকাল: ২৬ ফাল্গুন ১৪২৮।